

বিনামূল্যে মাস্ক ও সচেতনতাপত্র বিতরণ কর্মসূচি



৮ই এপ্রিল ২০২০ নীলফামারী জেলার জলঢাকা উপজেলার কৈমারী ইউনিয়নে মৌয়ামারী গ্রামে করোনা ভাইরাস প্রতিরোধে জনসচেতনতা মূলক প্রচারাভিযান পরিচালিত হয়। ইয়ুথ এন্ডিং হাঙ্গারের সদস্যদের নিজস্ব উদ্যোগে বিনামূল্যে ২০০ মাস্ক বিতরণ করে এবং এর পাশাপাশি ৫০০ পরিবারে গিয়ে 'করোনা করণীয়' স্টিকার ও সচেতনতাপত্র বিতরণ ও গ্রামের রাস্তাঘাট ও বাড়িতে জীবাণুনাশক স্প্রে করা হয়। এ উদ্যোগটি নেতৃত্ব দেয় কৈমারী ইউনিয়নের মৌয়ামারী গ্রামের ১০ জন ইয়ুথ লিডার। এছাড়াও নীলফামারী জেলার ডিমলা উপজেলায় ডালিয়া হাজি পাড়ায় হাত ধোয়ার গুরুত্ব তুলে ধরে সাধারণ মানুষদের সচেতনতা করে স্থানীয় ইয়ুথ লিডারবৃন্দ।

তথ্য ও ছবি : হোমায়রা হেমা, রংপুর

হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করতে তানিয়ার উদ্যোগ

বরিশাল জেলার বাবুগঞ্জ থানার পশ্চিম খানপুরা গ্রামের একাংশে করোনা ভাইরাস প্রতিরোধে এলাকার সকল মানুষ, বিশেষ করে মুরব্বিদের সাথে আলাপ করে বাড়ির বাইরে যাওয়ার সকল রাস্তার চলাচল বন্ধে বাঁশের বেড়া দিয়ে দিয়েছে ইয়ুথ লিডার তানিয়া আফরোজ এবং তার দল। গত সপ্তাহে তারা এই উদ্যোগ নেন। হোম কোয়ারেন্টাইন নিশ্চিত করার জন্য তাদের এই উদ্যোগ, যাতে কোনো যানবাহন প্রবেশ না করতে পারে। এলাকায় প্রবেশ মুখে সাবান ও হ্যান্ড স্যানিটাইজারে ব্যবস্থা করার উদ্যোগ নিয়েছে তারা। তারা বাড়ির আশেপাশে সচেতনত মূলক পোস্টার লাগানো ও জীবাণুনাশক ওষুধ দেয়ার উদ্যোগ নিয়েছেন। তানিয়া মনে করেন, প্রতিটি এলাকার মানুষ নিজেরা দায়িত্ব নিলে এই সংকট মোকাবেলা করা সম্ভব।

গাংনীতে সামাজিক দূরত্বে হাটবাজার

সামাজিক দূরত্ব বজায় রেখে মেহেরপুরের গাংনী উপজেলার কাথুলী ইউনিয়নের গাড়াবাড়িয়া সরকারি প্রাথমিক বিদ্যালয়ে প্রায় ১০০ বিক্রেতার অংশগ্রহণে নিয়ে হাটে বেচাকেনা চলে। গত ৮ এপ্রিল ২০২০ তারিখে কাথুলী ইউনিয়নের চেয়ারম্যান মিজানুর রহমান রানার অনুমতি সাপেক্ষে ইয়ুথ লিডাররা এই অভিনব উদ্যোগটি গ্রহণ করে।



মেহেরপুর জেলা কো-অর্ডিনেটর ফিরোজ আহমেদ পলাশের নেতৃত্বে চুন দিয়ে দাগ টেনে সব ব্যবসায়ীদের জন্য বক্স আকারে জায়গা নির্ধারণ করে দেয়া হয়। এছাড়াও ইয়ুথ লিডাররা মাইকের মাধ্যমে ক্রেতা এবং বিক্রেতাকে সচেতন করে তোলে এবং কোনো ধরনের জমায়েত না করার অনুরোধ জানায়। প্রতিটা দোকান ২০/১০ ফিট দূরত্বে বসে এবং সবাই দূরত্ব বজায় রেখে একটি সুনির্দিষ্ট নিয়মের মধ্যে ক্রয় বিক্রয় সম্পন্ন হয়। এছাড়াও পলাশ হ্যান্ড মাইক দিয়ে করোনা ভাইরাস প্রতিরোধে কি করণীয় তা প্রচার করেন।

প্রতিবেদক : রাকিবুল ইসলাম রকি, যশোর অঞ্চল

